# ময়মনসিংহ সিটি কর্পোরেশন
## ময়মনসিংহ।

স্মারক নং: ৪৬.২১.৬১০০.০১৪.০০.১৮৩.২৬.৬২০ | তারিখঃ ২৮/০৬/২০২৬ খ্রিঃ।

## ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি/নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ময়মনসিংহ সিটি কর্পোরেশনের তালিকাভুক্ত সকল ঠিকাদার এবং সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বৎসরের ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি ও নবায়ন নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী করা হবে।

ছক-১

| বিবরণ | নবায়ন ফি | বিনা জরিমানায় নবায়নের সময়সীমা | ৫০% জরিমানায় নবায়নের সময়সীমা | ১০০% জরিমানায় নবায়নের সময়সীমা |
|---|---|---|---|---|
| ঠিকাদারী লাইসেন্স নবায়ন | ২০০০/- টাকা<br>১৫%ভ্যাট= ৩০০/- টাকা | ০৫-০৭-২০২৬ খ্রিঃ হতে<br>০৪-০৮-২০২৬ খ্রিঃ পর্যন্ত | ০৬-০৮-২০২৬ খ্রিঃ হতে<br>৩১-০৮-২০২৬ খ্রিঃ পর্যন্ত | ০১-০৯-২০২৬ খ্রিঃ হতে<br>৩০-০৯-২০২৬ খ্রিঃ পর্যন্ত |
| একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী নারী হলে | ১৫০০/- টাকা<br>১৫%ভ্যাট= ২২৫/- টাকা | | | |

ছক-২

| বিবরণ | তালিকাভুক্তি ফি | তালিকাভুক্তি ফরম সংগ্রহ ও জমা প্রদানের সময়সীমা |
|---|---|---|
| ঠিকাদারী তালিকাভুক্তি | ৫০০০/- টাকা ও ১৫% ভ্যাট= ৭৫০/- টাকা | ০৫-০৭-২০২৬ খ্রিঃ হতে<br>০৬-০৮-২০২৬ খ্রিঃ পর্যন্ত |
| একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী নারী হলে | ৩০০০/- টাকা ও ১৫% ভ্যাট= ৪৫০/- টাকা | |

শর্তাবলী ঃ

- ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি ফিসঃ ৫০০০/- ও একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী নারী হলে ৩০০০/- টাকা প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বরাবর যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার দাখিল করতে হবে।
- ঠিকাদারী লাইসেন্স নবায়ন ফিসঃ ২০০০/- ও একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী নারী হলে ১৫০০/- টাকা প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বরাবর যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার দাখিল করতে হবে।
- তালিকাভুক্তি ও নবায়ন ফিস এর সাথে অতিরিক্ত ১৫% ভ্যাট জমা প্রদান করার ক্ষেত্রে কোড নং-১১৪১১০১-এ সোনালী ব্যাংক, ময়মনসিংহ-এ চালানের মাধ্যমে জমা প্রদানের চালানের কপি দাখিল করতে হবে।
- ঠিকাদারী লাইসেন্স এর জন্য সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (আবেদন ফরম ক্যাশ শাখা হতে সংগ্রহ করতে হবে)।
- নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি, ব্যাংক সলভেন্সি (সর্বনিম্ন ৫.০০ লক্ষ টাকা) সনদ এবং নবায়ন ও তালিকাভুক্তির জন্য ভ্যাট রেজিষ্ট্রেশন, ট্রেড লাইসেন্স, আয়কর (হাল নাগাদ) সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- উল্লেখ্য যে নির্ধারিত তারিখের পর ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও তালিকাভুক্তির আবেদন ফরম জমা নেয়া হবে না।

২৮/০৬/২৬

(মোঃ রফিকুল ইসলাম মিঞা)
প্রধান প্রকৌশলী (চঃদাঃ)
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/পানি উন্নয়ন বোর্ড/গণপূর্ত/ডিপিএইচই, ময়মনসিংহ।
৪। নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৫। সম্পাদক, ............................................। তাঁকে আগামী ০১/০৭/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে ৬'' x ৬'' সাইজে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। নোটিশ বোর্ড।
৭। অফিস কপি।